# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬৭৪

২৪/ বিবাহ ও দাম্পত্য

পরিচ্ছেদঃ বেগানা নারীর সঙ্গে নির্জনে একত্রবাস করার নিষেধাজ্ঞা

## আরবী

وَعَنْ عُقبَةَ بنِ عَامِرٍ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ قَالَ إِيَّاكُمْ وَالدُّخُولَ عَلَى النِّسَاءِ فَقَالَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ : أَفَرَأَيْتَ الحَمْوَ ؟ قَالَ الحَمْوُ المَوْتُ متفق عَلَيْهِ

## বাংলা

আল্লাহ তাআলা বলেছেন,

وَإِذَا سَأَلْتُمُوْهُنَّ مَتَاعًا فَاسْأَلُوْهُنَّ مِنْ وَّرَاءِ حِجَابٍ

অর্থাৎ, তোমরা তাদের নিকট হতে কিছু চাইলে পর্দার অন্তরাল হতে চাও। (সূরা আহযাব ৫৩)

---

(২৬৭৪) উক্‌বা ইবনে আমের (রাঃ) হতে বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা (বেগানা) নারীদের নিকট (একাকী) যাওয়া থেকে বিরত থাক। (এ কথা শুনে) জনৈক আনসারী নিবেদন করল, ’স্বামীর আত্মীয় সম্পর্কে আপনার অভিমত কী?’ তিনি বললেন, স্বামীর আত্মীয় তো মৃত্যুসম (বিপজ্জনক)। (বুখারী ৫২৩২, মুসলিম ২১৭২, তিরমিযী ১১৭১)

## ফুটনোট

** ‘স্বামীর আত্মীয়’ যেমন, তার ভাই, ভাইপো, চাচাতো (মামাতো, খালাতো ফুফাতো) ভাই ইত্যাদি।

(প্রকাশ থাকে যে, স্বামীর ছোট ভাই কোন মুসলিম মহিলার ‘দেওর’ ‘দেবর’ বা দ্বিতীয় বর হতে পারে না। মহিলার উচিত, তাকে দ্বিতীয় বর বা উপহাসের পাত্র মনে না করে নিজ ছোট ভাই সম গণ্য করা। যেমন ঐ ভাইয়ের উচিত, ভাবীকে ‘ভাবের ই’ মনে না করে নিজ বড় বোন সম গণ্য করা।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66422

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন